# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 16 June, 2025

কর্মক্ষেত্রে মতপার্থক্য, মনোমালিন্য কত কিছুই তো হয়েই থাকে।তারকাদের ক্ষেত্রেও কিন্তু তার অন্যথা হয় না।একবার সালমান খানের সঙ্গেও নাকি তেমনই একটি ঘটনা ঘটেছিল।তবে সেটা যদিও শুটিং সেটে নয়, একটি পার্টিতে। এক পরিচালকের সঙ্গে নাকি ঝগড়া হয়েছিল বলিউড ভাইজানের।বিষয়টা এতটাই চরম পর্যায়ে পৌছেছিল যে, সালমান নাকি সেই পরিচালককে থাপ্পড় মেরেছিলেন।

তবে পরের দিনই সালমানকে তার কাছে ক্ষমা চাইতে হয়।সালমানের অবশ্য অভিযোগ ছিল, তার সঙ্গে অত্যন্ত খারাপ আচরণ করেছিলেন ওই পরিচালক।তিনি সালমানের জুতায় প্রস্রাব করে দিয়েছিলেন বলেও অভিযোগ করেছিলেন ভাইজান। জানেন কার বিরুদ্ধে এমন অভিযোগ তুলেছিলেন অভিনেতা? পরিচালক সুভাষ ঘাই।যিনি একদিকে যেমন বহু জনপ্রিয় চলচ্চিত্র পরিচালনা করেছিলেন, তেমনই কিছু সিনেমায় অভিনয়ও করেছেন।

একবার সালমানের সঙ্গেই সুভাষ ঘাইয়ের ঝগড়া হয়।সালমান অভিযোগ করেছিলেন একটি পার্টিতে সুভাষ ঘাই তাকে চামচ, প্লেট দিয়ে মেরেছিলেন এবং তার জুতায় প্রস্রাবও করে দেন।তারপর রাগে সালমান তার গায়ে হাত তোলেন।২০০২ সালে ‘লহেরন’-কে দেওয়া একটি সাক্ষাৎকারে সালমান এই বিষয়ে কথা বলেছিলেন।অভিনেতা বলেছিলেন, ‘আমার মুখের উপর প্লেট দিয়ে মারতে থাকেন সুভাষজি।হঠাৎই ঘাড় চেপে ধরেছিলেন।নিজেকে নিয়ন্ত্রণ করতে পারিনি।প্রথমে রেগে গিয়ে নিজেই নিজেকে আঘাত করেছিলাম।একটা সময়ে সুভাষ ঘাইয়ের গায়ে হাত তুলে ফেলেছিলাম।কিন্তু পরের দিনই আমি তার কাছে ক্ষমা চেয়ে নিয়েছিলাম৷

সালমান ও সুভাষ ঘাইয়ের মধ্যে ঝগড়ার অবসান ঘটে সেলিম খানের হস্তক্ষেপে।তিনি তার ছেলেকে বলেন সুভাষ ঘাইয়ের কাছে ক্ষমা চাইতে।এই প্রসঙ্গে সেলিম একটি সাক্ষাৎকারে বলেন, ‘ঝগড়ার পরের দিন সকালে আমি চা খাচ্ছি, সালমান আমার কাছে এসে আগের রাতের ঘটনাটি জানায়।আমি ওকে বলি সুভাষ ঘাইয়ের কাছে ফোন করে ক্ষমা চাইতে৷

এরপর যদিও সুভাষ ঘাই এবং সালমানের মধ্যেও সবকিছু ঠিক হয়ে যায়।২০০৮ সালে, সুভাষ সালমানকে নিয়ে ‘যুবরাজ’ ছবিটি তৈরি করেছিলেন।যদিও সিনেমাটি বক্স অফিসে তেমন চমক তৈরি করতে পারেনি।

বলিউড সালমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:36

URL: https://www.timestodaybd.com/public/entertainment/9117793446